

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৬০

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৫. গরুর যাকাত

بَاب زَكَاةِ الْبَقَرِ

## আরবী

حَدَّثَنَا يَعْلَى بْنُ عُبَيْدٍ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ شَقِيقٍ عَنْ مَسْرُوقٍ وَالْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ قَالَا قَالَا مُعَاذٌ بَعَتَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْيَمَنِ فَأَمَرَنِي أَنْ آخُذَ مِنْ كُلِّ قَالَ مُعَاذٌ بَعَتَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْيَمَنِ فَأَمَرَنِي أَنْ آخُذَ مِنْ كُلِّ أَرْبَعِينَ بَقَرَةً مُسِنَّةً وَمِنْ كُلِّ ثَلَاثِينَ تَبِيعًا أَنْ تَبِيعَةً

## বাংলা

১৬৬০. মু'আয রাদিয়াল্লাহু আনহু বলেন, আমাকে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম ইয়ামান অভিমূখে পাঠানোর সময় নির্দেশ দিলেন যে, আমি যেন প্রত্যেক চল্লিশটি গরু থেকে একটি (তৃতীয় বছরে পদার্পণকারিণী[1]) বাছুর এবং প্রত্যেক ত্রিশটি গরু থেকে একটি (পূর্ণ এক বছর বয়সী) এঁড়ে বা বকনা বাছুর (যাকাত) আদায় করি।[2]

## ফুটনোট

- [1] ((মুহাক্কিক্লের টীকা হতে- অনুবাদক।))
- [2] তাহকীক: মাসরূক এর সনদে এটি সহীহ, তবে ইবরাহীম এর সনদে এটি মাকতু' (ছিন্নসূত্র)।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৮৮৬ ও মাওয়ারিদুয যাম'আন নং ৭৯৪ তে। পরবর্তী হাদীসটিও দেখুন।

তবে এর শাহিদ হাদীস রয়েছে আব্দুল্লাহ ইবনু মাসউদ থেকে, যার পূর্ণ তাখরীজ আমরা দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫০১৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন